# বিএড প্রোগ্রাম
## ১ম সিমেস্টার
## শিক্ষাবর্ষ: ২০২৬ (২০২৬ ব্যাচ)

## নির্ধারিত কাজ (Assignment)

| ১. কোর্সের নাম: মাধ্যমিক শিক্ষা (EDBN-1401) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | ভাববাদ, প্রকৃতিবাদ ও প্রয়োগবাদের মধ্যে তুলনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | বিশেষ চাহিদাসম্পন্ন শিক্ষার্থীদের শিক্ষার মূল ধারায় রাখার উপায় শনাক্তকরণ। | ১০ |

| ২. কোর্সের নাম: শিখন-শেখানো দক্ষতা ও কৌশল (EDBN-1402) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | শিখন-শেখানো বিশ্বাস ও মূল্যবোধের তাৎপর্য ও এর প্রভাব এবং শিখন-শেখানো সম্পর্কিত ব্যক্তিগত বিশ্বাস ও মূল্যবোধের পর্যালোচনা । | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | মাধ্যমিক পর্যায়ের শিক্ষকদের চাকুরিপূর্ব ও চাকুরিকালীন প্রশিক্ষণ এবং ধারাবাহিক পেশাগত উন্নয়ন বিবৃতকরণ। | ১০ |

| ৩. কোর্সের নাম: বাংলা শিক্ষণ (EDBN-1411) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | বাংলা ভাষা ও সাহিত্য বিষয়ের শ্রেণিকক্ষ পরিচালনা ও শিক্ষকের আত্মোন্নয়নে করণীয়সমূহ বর্ণনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | শ্রেণিকক্ষে কবিতা শিখন-শেখানোর ধাপসমূহ বর্ণনাকরণ। | ১০ |

| ৪. কোর্সের নাম: ইংরেজি শিক্ষণ (EDBN-1412) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | Justify the role of an effective lesson-plan for conductiong successful English teaching learning activitics in the classroom. | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | Identify the challenges faced by the Bangladeshi learners in practicing proper English speaking and the ways to overcome those challenges. | ১০ |

| ৫. কোর্সের নাম: বাংলাদেশ ও বিশ্বপরিচয় শিক্ষণ (EDBN-1416) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | শিক্ষা উপকরণ হিসেবে ডিজিটাল কনটেন্ট এর প্রয়োজনীয়তা উল্লেখপূর্বক ডিজিটাল কনটেন্ট তৈরির দক্ষতাসমূহ চিহ্নিতকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | একীভূত শিক্ষা বাস্তবায়নের চ্যালেঞ্জসমূহ বর্ণনাপূর্বক শ্রেণি ব্যবস্থাপনায় একীভূত শিক্ষার প্রয়োজনীয় কৌশলসমূহ বিবৃতকরণ। | ১০ |

| ৬. কোর্সের নাম: অ্যাডভান্সড আইসিটি শিক্ষণ (EDBN-1418) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | বিভিন্ন ধরনের কম্পিউটার প্রোগ্রাম ডিজাইন মডেলের তুলনামূলক বিশ্লেষণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | আইসিটি বিষয়ের ক্ষেত্রে ছেলে ও মেয়ে উভয় শিক্ষার্থীর আগ্রহ সৃষ্টি, শিখনে সহযোগিতা ও জেন্ডার সাম্য প্রতিষ্ঠার উপায় নির্ণয়করণ। | ১০ |

Sakila Ferdowsi
13.04.26

13.04.26

| ৭. কোর্সের নাম: গণিত শিক্ষণ (EDBN-1421) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | গণিত পাঠে সর্বাধিক উপযোগি পাঠদান পদ্ধতিসমূহের প্রয়োগ কৌশল বর্ণনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | গণিত শিখন-শেখানো প্রক্রিয়ায় উপযুক্ত শিক্ষা উপকরণসমূহের তালিকা উল্লেখপূর্বক সেগুলো সংরক্ষণের উপায় চিহ্নিতকরণ। | ১০ |

| ৮. কোর্সের নাম: পদার্থবিজ্ঞান শিক্ষণ (EDBN-1422) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | পদার্থবিজ্ঞানের ক্ষেত্রসমূহের মধ্যে আন্ত:সম্পর্ক নিরূপনপূর্বক পদার্থবিজ্ঞানের সাথে সম্পর্কিত বিভিন্ন প্রক্রিয়াকরণ দক্ষতা বর্ণনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানো প্রক্রিয়ার ক্ষেত্রসমূহ চিহ্নিতপূর্বক শ্রেণিকক্ষের বাইরে পদার্থবিজ্ঞান শিখন-শেখানোর গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |

| ৯. কোর্সের নাম: রসায়ন শিক্ষণ (EDBN-1423) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | সামাজিক গঠনবাদের আলোকে রসায়ন শিখন-শেখানো কৌশল বর্ণনাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | রসায়ন শিখনে ব্যবহারিক কাজের উদ্দেশ্য ও গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |

| ১০. কোর্সের নাম: জীববিজ্ঞান শিক্ষণ (EDBN-1424) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | জীববিজ্ঞান শিখনে শিক্ষার্থীর আগ্রহ ও অনুসন্ধিৎসা বৃদ্ধির উপায় ব্যাখ্যাকরণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | জীববিজ্ঞান শিক্ষায় শ্রেণিকক্ষ ব্যবস্থাপনার উপায় ও গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |

| ১১. কোর্সের নাম: ব্যবসায় উদ্যোগ শিক্ষণ (EDBN-1431) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | শ্রেণিকক্ষে ব্যবসায় উদ্যোগ বিষয়ের উপযোগি শিখন-শেখানো পদ্ধতি ও কৌশল প্রয়োগের গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | ব্যবসায় উদ্যোগ বিষয়ে শিক্ষকদের পেশাগত উন্নয়নের কৌশল নিরূপণ। | ১০ |

| ১২. কোর্সের নাম: হিসাববিজ্ঞান শিক্ষণ (EDBN-1432) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | হিসাববিজ্ঞান শিখন-শেখানো প্রক্রিয়ায় বাৎসরিক পাঠ পরিকল্পনা ও একক পাঠ পরিকল্পনার গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | হিসাববিজ্ঞান শিখন-শেখানো কার্যক্রমে সমন্বিত শিখন যাচাইয়ের ভূমিকা নিরূপণ। | ১০ |

| ১৩. কোর্সের নাম: ফিন্যান্স ও ব্যাংকিং শিক্ষণ (EDBN-1433) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | মাধ্যমিক স্তরের ফিন্যান্স ও ব্যাংকিং পাঠ্যপুস্তকের বৈশিষ্ট্য নিরূপণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | ফিন্যান্স ও ব্যাংকিং বিষয়ে আইসিটি উপকরণ ব্যবহারের উপযোগিতা ও গুরুত্ব বিশ্লেষণ। | ১০ |

Sabiba Ferdowsi
13.04.26

13.04.26

স্কুল অব এডুকেশন
SCHOOL OF EDUCATION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

# বিএড প্রোগ্রাম
## ২য় সিমেস্টার
## শিক্ষাবর্ষ: ২০২৫ (২০২৫ ব্যাচ)
## নির্ধারিত কাজ

| ১. কোর্সের নাম: শিখন ও শিখনযাচাই (EDBN-2401) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | শ্রেণি পাঠদানে প্রচেষ্টা ও ভুল সংশোধন মতবাদের ভূমিকা বিশ্লেষণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | শিক্ষকতা পেশার উন্নয়ন ঘটাতে প্রতিফলন অনুশীলনের প্রয়োজনীয়তা ব্যাখ্যাকরণ। | ১০ |

| ২. কোর্সের নাম: একীভূত শিক্ষা (EDBN-2402) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) কর্তৃক শনাক্তকৃত ১০টি জীবন দক্ষতা অর্জনের উপায় নিরূপণ। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | বাংলাদেশের মাধ্যমিক বিদ্যালয়ে একীভূত শিক্ষা বাস্তবায়নে স্কুল ম্যানেজিং কমিটির (এসএমসি) ভূমিকা বিশ্লেষণ। | ১০ |

| ৩. কোর্সের নাম: প্রাথমিক শিক্ষা (EDBN-2451) | | | পূর্ণমান |
|---|---|---|---|
| নির্ধারিত কাজ- ১ | : | শ্রেণিকক্ষে সফলভাবে শিখন-শেখানো কার্যক্রম সম্পাদনের ক্ষেত্রে পাঠ পরিকল্পনার ভূমিকা পর্যালোচনা। | ১০ |
| নির্ধারিত কাজ- ২ | : | প্রাক-প্রাথমিক শিক্ষাক্রমের সফল বাস্তবায়নের কৌশলসমূহ চিহ্নিতকরণ। | ১০ |

Sabiha Ferdousi
13.04.26

13.04.26

স্কুল অব এডুকেশন
SCHOOL OF EDUCATION

বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়
BANGLADESH OPEN UNIVERSITY

# নির্ধারিত কাজ (Assignment) তৈরির নির্দেশনা

১. নির্ধারিত কাজ অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়)।

২. নির্ধারিত কাজ ৪০০-৫০০ শব্দের মধ্যে হতে হবে এবং প্রয়োজনে লাল কালি ব্যতীত অন্যান্য কালি ব্যবহার করতে পারবেন।

৩. নির্ধারিত কাজ তৈরিতে প্রশিক্ষণার্থী স্বকীয়তা ও সৃজনশীলতা প্রয়োগ করবেন।

৪. নির্ধারিত কাজের কাঠামো হবে নিম্নরূপ:

ক. সর্বপ্রথমে একটি কভার পৃষ্ঠা থাকবে। কাভার পৃষ্ঠায় কোর্সের নাম, কোড নম্বর, বিষয়বস্তু, প্রশিক্ষণার্থীর আইডি, শিক্ষাবর্ষ, ব্যাচ, সিমেস্টার, স্টাডি সেন্টারের নাম, টিউটরের নাম ও পদবি উল্লেখ থাকবে।

খ. দ্বিতীয় পৃষ্ঠায় সূচিপত্র থাকবে।

গ. তৃতীয় পৃষ্ঠা থেকে বিষয়বস্তু এবং সংকেত (যদি থাকে) অনুসারে ধারাবাহিক বর্ণনা থাকবে।

ঘ. সর্বশেষ পৃষ্ঠায় নির্ধারিত কাজটি তৈরিতে যে সকল গ্রন্থ ও অন্যান্য উৎসের সহায়তা নেয়া হয়েছে তার একটি গ্রন্থপঞ্জি থাকবে।

ঙ. নির্ধারিত কাজ A4 সাইজের অফসেট কাগজে প্রতি পৃষ্ঠার একপাশে লিখতে হবে এবং বাঁধাই এর জন্য বাম পাশে তিনটি স্টাপল করে তা স্কসটেপ দিয়ে ঢেকে দিতে হবে (স্পাইরাল বা অন্য কোন প্রকারের বাঁধাই করা যাবে না)।

৫. বিএড পরীক্ষার রুটিনের সাথে 'নির্ধারিত কাজ' জমা দেওয়ার নির্দিষ্ট তারিখ ও সময় উল্লেখ থাকবে। প্রশিক্ষণার্থীগণ উল্লেখিত তারিখ ও সময়ে স্বশরীরে সংশ্লিষ্ট টিউটরের নিকট জমা দিবেন এবং স্বাক্ষর পত্রে স্বাক্ষর করবেন। কেন্দ্র সমন্বয়কারী কোর্সভিত্তিক স্বাক্ষর পত্র ও টপশিটসহ আলাদা আলাদা প্যাকেট করে পরীক্ষা বিভাগে প্রেরণ করবেন।

৬. নির্ধারিত কাজ নিম্নলিখিত কারণে বাতিল বলে গণ্য হবে:

ক. নির্দেশনায় উল্লেখিত 'নির্ধারিত কাজের কাঠামো' এবং বাঁধাই অনুসরণ না করে জমাদান।

খ. নির্ধারিত কাজের বিষয়বস্তু ঠিক না থাকা।

গ. নির্ধারিত কাজের কভার পৃষ্ঠা এবং ভিতরের বিষয়বস্তুর গরমিল।

৭. কোন প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজে কোন প্রকার অসুদপায় অবলম্বনের প্রমাণ পাওয়া গেলে উক্ত প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ বাতিলসহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। অসুদপায়ের মধ্যে রয়েছে।

ক. নির্ধারিত কাজ হুবহু কপি করা।

খ. নির্ধারিত কাজ ক্রয় করে জমাদান।

গ. প্রশিক্ষণার্থী স্বহস্তে না লিখে অন্য কোন ব্যক্তিকে দিয়ে লেখানো।

ঘ. অন্য প্রশিক্ষণার্থীর নির্ধারিত কাজ উন্নতমানের ফটোকপি করে জমাদান।

বি.দ্র.: প্রশিক্ষণার্থীরা উপরিউক্ত নির্দেশনা মেনে নির্ধারিত কাজ জমা দিচ্ছে কিনা তা যাচাই করার জন্য টিউটরগণকে অনুরোধ করা হলো।

Sabila Ferdowsi
13.04.26

[signature] 13.04.26

# গবেষণা রিপোর্ট তৈরির নির্দেশনা

১. বিএড প্রোগ্রামের ২য় সিমেস্টারে **শিক্ষায় গবেষণা (EDBN-2403)** কোর্সটির নির্ধারিত কাজ হিসেবে গবেষণা রিপোর্ট জমা দিতে হবে।

২. প্রতিটি স্টাডি সেন্টারে **শিক্ষায় গবেষণা (EDBN-2403)** কোর্সটির জন্য দায়িত্বপ্রাপ্ত একজন টিউটর থাকবেন এবং তিনি সকল শিক্ষার্থীর গবেষণা তত্ত্বাবধায়ক হিসেবে দায়িত্ব পালন করবেন।

৩. কোর্স চলাকালীন সময়ে গবেষণার বিভিন্ন দিক (সমস্যা নির্বাচন, জার্নাল লেখা, তথ্য সংগ্রহ ও তথ্য বিশ্লেষণ ইত্যাদি) সম্পর্কে টিউটরের নিকট থেকে হাতে কলমে প্রয়োজনীয় নির্দেশনা গ্রহণ করতে হবে।

৪. শিক্ষার্থীরা যে গবেষণা করবেন সেটি সম্পূর্ণভাবে মৌলিক গবেষণা হতে হবে।

৫. টিউটোরিয়াল অধিবেশনে শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ অনুশীলনকৃত বিদ্যালয়/শ্রেণিকক্ষ ভিত্তিক বিভিন্ন শিক্ষণ-শিখন সমস্যা, প্রাথমিক শিক্ষা, মাধ্যমিক শিক্ষা, উচ্চশিক্ষা, মাদরাসা শিক্ষা, কারিগরি ও বৃত্তিমূলক শিক্ষা, উপানুষ্ঠানিক শিক্ষা, উন্মুক্ত ও দূরশিক্ষা অথবা শিক্ষা সংশ্লিষ্ট দেশীয়/আন্তর্জাতিক যে কোন একটি নির্দিষ্ট বিষয়ের উপর গবেষণা রিপোর্ট তৈরি করতে হবে।

৬. স্টাডি সেন্টারের দায়িত্বপ্রাপ্ত টিউটর অর্থাৎ গবেষণা তত্ত্বাবধায়কের সাথে আলোচনা করে গবেষণা শিরোনাম ঠিক করতে হবে।

৭. গবেষণা শিরোনাম ও পরিকল্পনা প্রণয়নপূর্বক তা বাস্তবায়নের রূপরেখা (Research Proposal) তৈরি করে টিউটরের নিকট অনুমোদন নিতে হবে।

৮. পরবর্তীতে টিউটোরের নির্দেশনা মোতাবেক শিক্ষার্থীবৃন্দ নিজ নিজ গবেষণার ধাপগুলো যথাযথ ভাবে অনুসরন করে হাতে কলমে কাজ করে একটি নমুনা গবেষণা রিপোর্ট তৈরি করে তা নিদিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

৯. পরবর্তীতে একটি নিদিষ্ট অধিবেশনে নমুনা প্রতিবেদন শ্রেণিকক্ষে উপস্থাপন ও আলোচনার মাধ্যমে টিউটোরের সহযোগীতায় একটি চূড়ান্ত গবেষণা রিপোর্ট তৈরি করে তা নিদিষ্ট দিনে কোর্স টিউটরের নিকট জমা দিতে হবে।

১০. গবেষণা রিপোর্ট তৈরিতে কোন ভাবেই অন্যের কাছ থেকে কপি করা বা অন্য কোন অসুদপায় অবলম্বন করা যাবে না। অসুদপায় অবলম্বন করা হয়েছে এরূপ প্রমাণ পাওয়া গেলে উক্ত শিক্ষার্থীর গবেষণা রিপোট বাতিল সহ প্রয়োজনীয় শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে।

১১. গবেষণা রিপোর্ট বাংলা অথবা ইংরেজি যে কোন একটি ভাষায় লেখা যাবে।

১২. গবেষণা রিপোর্ট অবশ্যই স্বহস্তে লিখতে হবে (কম্পিউটার কম্পোজ গ্রহণযোগ্য নয়) এবং কমপক্ষে ১০০০ শব্দ বিশিষ্ট হতে হবে।

১৩. গবেষণা রিপোর্টের রেফারেন্সিং (Referencing)-এর ক্ষেত্রে APA (American Psychological Association) স্টাইল অনুসরণ করতে হবে।

Sakiba Ferdowsi
13.04.26

13.04.26